গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা,

www.powerdivision.gov.bd

**নম্বর:** ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০৭.২৬.৪৮

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

**প্রজ্ঞাপন**

টেকসই জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকল্পে সরকার নবায়নযোগ্য জ্বালানির প্রসারে ব্যাপক উদ্যোগ গ্রহণ করেছে। এর অংশ হিসেবে ব্যাটারিসহ ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপনে বিশেষ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করা হয়েছে। বর্তমান বাজারদর এবং বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রাপ্ত বিভিন্ন দরপত্রের মূল্য বিবেচনায় ব্যাটারিসহ ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ উৎপাদনের ব্যয় প্রতি ইউনিট সর্বোচ্চ ৮ (আট) টাকা ধরা হয়েছে। বিশেষ প্রণোদনার অংশ হিসেবে উৎপাদন ব্যয়ের ওপর ২০% মুনাফা ও ১১.২৫% প্রিমিয়াম বিবেচনা করে প্রতি ইউনিট বিদ্যুৎ ১০.৫০ (দশ টাকা পঞ্চাশ পয়সা) হারে নির্ধারণ করা হয়েছে। সম্মানিত কোনো গ্রাহক নির্ধারিত উৎপাদন ব্যয়ের চেয়ে কম ব্যয়ে এ ধরনের সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করতে সক্ষম হলে সাশ্রয়কৃত অর্থ গ্রাহকের লভ্যাংশ হিসেবে বিবেচিত হবে।

২। নেট মিটারিং নির্দেশিকা, ২০২৫ অনুযায়ী যেসকল সম্মানিত গ্রাহক ২৮ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের মধ্যে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করে নিজস্ব ব্যবহারের পর উদ্বৃত্ত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সরবরাহ করবেন, তারা পরবর্তী ৩ (তিন) বছর, অর্থাৎ ২৮ ফেব্রুয়ারি ২০৩০ তারিখ পর্যন্ত, জাতীয় গ্রিডে সরবরাহকৃত প্রতি ইউনিট বিদ্যুৎ ১০.৫০ (দশ টাকা পঞ্চাশ পয়সা) হারে প্রাপ্য হবেন।

৩। বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ গ্রাহকদের তথ্য, জাতীয় গ্রিডে সরবরাহকৃত বিদ্যুতের পরিমাণ এবং প্রণোদনাসহ বিদ্যুতের মূল্য সংশ্লিষ্ট তথ্য সংরক্ষণ করবে। সম্মানিত গ্রাহকদের ব্যাংক হিসাবে এই প্রণোদনার অর্থ নেট মিটারিং নির্দেশিকা, ২০২৫ অনুযায়ী তিন মাস অন্তর অন্তর প্রেরণ করা হবে। কোনো ক্রমেই এ অর্থ নগদ প্রদান করা হবে না। ২৮ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের পরে স্থাপিত সিস্টেমের ক্ষেত্রে এ প্রণোদনা প্রযোজ্য হবে না।

৪। সৌরভিত্তিক সিস্টেম স্থাপনে ব্যবহৃত যন্ত্রপাতি, যেমন-সোলার প্যানেল, ব্যাটারি, ইনভার্টার, মিটার ইত্যাদি BSTI এবং SREDA কর্তৃক নির্ধারিত কারিগরি মানদণ্ড অনুযায়ী হতে হবে।

৫। বিদ্যুৎ বিভাগ কর্তৃক ইতোমধ্যে স্থাপিত ওয়ান-স্টপ সার্ভিস সেন্টার থেকে এ-সংক্রান্ত নীতিগত সহায়তা প্রদান করা হবে। একইসঙ্গে, বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহের আওতাধীন সকল জেলা ও উপজেলা পর্যায়ের কার্যালয় থেকেও এ নীতিগত সহায়তা প্রদান করা হবে।

৬। ০১ সেপ্টেম্বর ২০২৬ তারিখ থেকে এ প্রজ্ঞাপন কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০১-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২৪১০৫৩৯৪৫
ইমেইল : re-2@pd.gov.bd

**নম্বর:** ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০৭.২৬.৪৮/১ (১৪)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩
০১ সেপ্টেম্বর ২০২৬

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।

৩। সিনিয়র সচিব/সচিব (সকল)।

৪। চেয়ারম্যান/রেক্টর/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক (সকল দপ্তর/সংস্থা/কোম্পানি), বিদ্যুৎ বিভাগ (উল্লিখিত নির্দেশনা বাস্তবায়ন ও ওয়েবসাইটে প্রকাশের অনুরাধসহ)।

৫। বিভাগীয় কমিশনার (সকল)।

৬। সকল কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।

৭। জেলা প্রশাসক (সকল)।

৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

১০। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

১১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।

১২। উপপরিচালক, উপপরিচালক এর দপ্তর, গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস (পরবর্তী গেজেটে প্রকাশপূর্বক ১০০ কপি প্রেরণের অনুর োধসহ)।

১৩। তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ (বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪। সিস্টেম এনালিস্ট, তথ্য প্রযুক্তি শাখা, বিদ্যুৎ বিভাগ (বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০১-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব